


# জীবনের পথে উত্তরণ!

## কিশোর সংস্করণ

এলমার এইচ মারডক

# এই পুস্তিকা সম্পর্কে একটি গু(ত্বপূর্ণ কথা

প্রিয় বালক-বালিকারা,

এই পুস্তিকা রচনার কারণ জানাবার উদ্দেশ্যে আমি তোমাদের লিখছি। এর মাধ্যমে জানতে পারবে, খ্রীষ্টের কাছে তোমরা কত মূল্যবান এবং তিনি চান কীভাবে তোমরা তাঁকে ব্যক্তি(গতভাবে জানবে। তোমরা তাঁকে বি(্বাস করলেই তাঁকে ব্যক্তি(গতভাবে জানতে পারবে। আমি জানি, তোমরা অনেকে ইতিমধ্যেই যীশু সম্পর্কে জানো এবং এমনকী বাইবেলের পদের উদ্ধৃতি দিতে পার। তা ভালোই। কিন্তু, খ্রীষ্ট তোমাদের ক্রি(য়াকর্ম এবং দৃষ্টিভঙ্গির পরিবর্তন না করলে উদ্ধার পেতে পার না।

আমি জানি, তোমাদের অধিকাংশই তোমাদের পিতামাতা, শি( ক এবং অন্য যাদের তোমরা শ্রদ্ধা কর, তাঁদের পছন্দমতো কাজ করবে। কিন্তু কাউকে খুশি করার জন্য বা মানসিক প্রস্তুতির আগে খ্রীষ্টকে তোমাদের অন্তরে আহ্বান জানিয়ো না। তোমরা যদি চাও, তিনি তোমাদের জীবনে আসবেন। তাঁকেই সন্তুষ্ট করার জন্য তোমরা এ কাজ করছ। কীভাবে সত্যিসত্যিই উদ্ধার পেতে হয়, জানতে পারলে, অনুতাপ করার এবং প্রভু যীশুকে বি(্বাস করার সুযোগ এবং দায়িত্ব তোমাদের উপরই অর্পিত হয়।

এই পুস্তিকায় তোমরা কতকগুলি সোপান দেখতে পাবে। প্রত্যেকটি ‘‘সোপান’’ প্রভু যীশুকে ব্যক্তি(গতভাবে জানার বিভিন্ন আগ্রহের স্তরের প্রতীক। তোমরা কোন ‘‘সোপানে’’ অবস্থান করছ, এই সিদ্ধান্ত নেবার আগে ভালো ভাবে চিন্তা করে দেখ। তোমাদের মধ্যে কেউ কেউ যীশুকে পেয়ে সত্যিকারের আধ্যাত্মিক অভিজ্ঞতা লাভ করেছ। **কিন্তু প্রত্যেক আধ্যাত্মিক অভিজ্ঞতাই পরিত্রাণের অভিজ্ঞতা নয়।** তোমাদের পাপ সম্পর্কে প্রকৃতভাবেই উদ্বিগ্নতা বোধ করতে, এমনকী ক্র(ন্দন করতেও পার। এ আধ্যাত্মিক অভিজ্ঞতা হলেও অনুতাপ এবং বি(্বাস না-করা পর্যন্ত তা উদ্ধার করতে পারে না। যাই হোক, এই রকম ঘটনার সময়ে ঈ(্বর তোমাদের আহ্বান করছেন( তোমাদের অন্তরে

তাঁকে আমন্ত্রণ জানাবে। এর পর তিনি তোমাদের জীবনে পরিবর্তন সাধন করবেন।

যত শীঘ্র তোমরা উপলব্ধি করতে পারবে এবং তোমাদের জীবনে খ্রীষ্টকে অগ্রাধিকার দিতে চাইবে, ততো তাড়াতাড়ি তোমরা এই সোপানে এসে দাঁড়াতে পারবে। কত সময় লাগবে, তা নির্ভর করে তোমাদেরই উপর। দেরি কোরো না, কিন্তু নিজেকে এমন কোন ''সোপানে'' স্থাপন কোরো না, যেখানে তোমরা নেই।

তোমরা ভালো এবং অনুগত অথবা বিদ্রোহী এবং প্রবল ইচ্ছাশক্তি(-সম্পন্ন হতে পার। খ্রীষ্ট এই দুই শ্রেণীর জন্যই মৃত্যুবরণ করেছিলেন, কারণ কেউই ভালো বা সৎ নেই এবং নিজের চেষ্টায় স্বর্গে যেতে পারে না। রোমীয় ৩ অধ্যায় ১০ পদ পাঠ কর। এই পুস্তিকা পাঠ করার সময় আলোর রশ্মি উজ্জ্বলতর হয়ে উঠবে এবং প্রকৃত খ্রীষ্টবিশ্বাসীর অর্থ বুঝতে পারবে।

আর একটি শেষ কথা। **কীভাবে** উদ্ধার পেতে হয়, আমরা তোমাদের বলতে পারি। তোমরা কেমন, শুধু ঈশ্বরই তা বলতে পারেন। খ্রীষ্ট তাঁর আত্মার দ্বারা জানান। রোমীয় ৮ অধ্যায় ১৬ পদে বলা হয়েছে, ''*আমাদের অন্তরে তাঁর পবিত্র আত্মা স্পষ্ট করে এই কথাই বলেন যে, বাস্তবিক আমরা ঈশ্বরের সন্তান*'' (নতুন ধারা)।

কেউ যখন খ্রীষ্টের কাছে প্রকৃত অর্থে সমর্পিত হয়, সে পাপ এবং ভুল দৃষ্টিভঙ্গি সম্পর্কে ভিন্ন ধারণা পোষণ করবে। সে খ্রীষ্টকে সন্তুষ্ট করতে চাইবে। মনে রেখো, অনুতপ্ত হলে এবং বিশ্বাস করলে তুমি এবং তোমার পরিবারের সকলেই উদ্ধার লাভ করতে পারে। তাঁদের এবং তোমার জন্য এটাই ঈশ্বরের ইচ্ছা। ঈশ্বর তোমাদের এত ভালোবাসেন যে, আমি তোমাদের বলে বোঝাতে পারব না।

এখন, পুস্তিকার দিকে লক্ষ্য কর এবং কোন সোপানে তোমরা অবস্থান করছ, তা আবিষ্কার কর।

এলমার এইচ মারডক

## তোমার কী মনে হয়, কে .......

— তোমার জগৎকে নির্মাণ করেছেন?

— উদ্ভিদ এবং প্রাণীদের জীবন দেন?

— তুমি যা বল এবং কর, তার সবকিছুই জানেন?

— তোমার সম্পর্কে সত্যিকারের চিন্তা-ভাবনা করেন?

# ঈশ্বর!

"আদিতে ঈশ্বর আকাশমণ্ডল এবং
পৃথিবী সৃষ্টি করলেন।"

আদিপুস্তক ১ ১

***ঈশ্বরের স্বরূপ কী, তা জানাবার জন্য ঈশ্বর তাঁর পুত্রকে পৃথিবীতে প্রেরণ করলেন। যীশু ঈশ্বরকে প্রকাশ করতে পারেন, কারণ তিনি ঈশ্বরের সদৃশ।***

## যীশু চরমভাবে ...

**সৎ** — তিনি কখনও কোন ভুল করেননি

**বিজ্ঞ** — যীশু ভালো-মন্দ সবকিছুই জানেন। তোমার কেন সঠিক বিষয়গুলি পছন্দ করা দরকার, তিনি তোমাকে দেখিয়ে দিতে পারেন।

**করুণাময়** — ভুল করলেও তিনি তোমাকে ক্ষমা করতে পারেন।

এই কারণেই প্রত্যেক বালক-বালিকার যীশু খ্রীষ্টের জন্য আগ্রহ থাকা উচিত।

হয়তো অন্যান্য বিষয় নিয়ে তুমি এতই ব্যস্ত যে, ঈশ্বরের এবং তাঁর পুত্র যীশুখ্রীষ্ট সম্পর্কে চিন্তা করার অবকাশ তোমার নেই।



**যীশুখ্রীষ্ট সম্পর্কে জানাকে সোপানে আরোহণ করার সঙ্গে তুলনা করা যায়। যেখানে তোমার যাওয়া প্রয়োজন, প্রতিটি পদ( প তোমাকে তার কাছাকাছি নিয়ে আসবে।**

এই সোপানগুলিতে আরোহণ করার সময়, পিতা ঈ(্বর এবং যীশুখ্রীষ্ট তোমাকে কত ভালোবাসেন, জানতে পারবে।

**এই সোপান বা পদ( পগুলি সম্পর্কে ব্যাখ্যা করার পর, তুমি নিজেই স্থির কর, কোন সোপানে তুমি অবস্থান করছ।**



*"তোমার প্রতিশ্রুতি অনুসারে*
*আমার পদক্ষেপ সুস্থির রাখ ...."*

গীতসংহিতা ১১৯ ১৩৩



## প্রথম পদ(ে প — আমি গ্রাহ্য করি না

**তুমি হয়তো যীশুখ্রীষ্ট এবং কীভাবে উদ্ধারলাভ করতে হয়, সে-সম্পর্কে অনেক বেশি বা অতি অল্পই জানো। এটাই গু(ত্বপূর্ণ বিষয় তুমি আসলে গ্রাহ্য কর না।**

নিজের সম্পর্কে তুমি কী বলবে?



*“তা হলে এমন মহাপরিত্রাণ*
*আমরা যদি উপে( া করি*
*তবে কেমন করে অব্যাহতি পাব?”*

**ইব্রীয় ২ ৩**



**তুমি কি এই সোপানে অবস্থান করছ?**

## দ্বিতীয় পদ( প — আমি আগ্রহী

**কিছু মানুষ যীশুখ্রীষ্ট এবং তাঁর ভালোবাসার কাহিনী শুনে তাঁকে আরও বেশি করে জানতে চায়।**

তুমি কি আরও জানতে আগ্রহী?



*“আমার অনুসন্ধান করবে তোমরা,*
*আমাকে পাবে,*
*কারণ তোমরা সর্বান্তঃকরণে আমাকে চাইবে।”*

**যিরমিয় ২৯ ১৩**



তুমি কি এই সোপানে অবস্থান করছ?

# তৃতীয় পদ( প — আমি উদ্বিগ্ন

## যখন তুমি কিছু ভুল কাজ কর, তখনই তোমাকে তা উদ্বিগ্ন করে তোলে।

তোমার জানাশোনা অন্য ছেলেমেয়েদের তুলনায় তুমি খুব ভালো হতে পার। কিন্তু তুমি স্বর্গে যাবার উপযুক্ত( কি না, তা দেখার জন্য ঈ(্বর তোমার সামনে কতকগুলি অনুজ্ঞা, ধার্মিকতার পরী(া দিয়েছেন। **তুমি কি স্বর্গে যাবার মতো ভালো?**

## দশ আজ্ঞা

১। **আমি ছাড়া তোমার আর কোন দেবতা থাকবে না।**

২। **তুমি কোন প্রতিমা খোদাই করবে না।**
খেলনা, গৃহপালিত পশু বা বন্ধু-বান্ধবকে কি তোমার জীবনে অগ্রাধিকার দিয়েছ?

৩। **তুমি অযথা তোমার আরাধ্য ঈ(্বর প্রভু পরমে(্বরের নাম উচ্চারণ করবে না।**
প্রার্থনা করার এবং ঈ(্বর ও যীশুখ্রীষ্টের বিষয়ে বলার সময় শুধু তাঁদেরই নাম ব্যবহার কোরো।

৪। **সাব্বাথ দিন পবিত্রভাবে পালন করবে।**
সাত দিনের একটি দিনকে আমরা প্রভুর জন্য বিশেষভাবে পৃথক করে রাখতে পারি। বিশেষত, আমাদের সমস্ত সময় প্রভুরই।

৫। **পিতা ও মাতাকে তুমি সম্মান করবে (অনুগত হবে)।**
পাপরূপে গণ্য না-হওয়া পর্যন্ত তুমি তোমার পিতামাতাকে সর্বদা সম্মান কোরো, তাঁদের অনুগত হোয়ো।

৬। **নরহত্যা করবে না।**
মানুষকে আঘাত কোরো না বা স্বার্থযুক্ত( ত্রে(াধ দেখিয়ো না।

৭। **ব্যভিচার করবে না।**
যার দেহ স্পর্শ করা উচিত নয়, তার দেহ স্পর্শ কোরো না। তোমার স্বামী বা স্ত্রীর প্রতি তোমার বিশেষ ভালোবাসা থাকবে।

৮। **চুরি করবে না।**
যা তোমার নয়, তা নিয়ো না।

৯। **মিথ্যা সা( ্য দেবে না।**
সর্বদা সত্য বোলো।

১০। **লোভ করবে না।**
পরশ্রীকাতর হোয়ো না।

যাত্রাপুস্তক ২০ ১-১৭
নতুন অনুবাদ। ভারতের বাইবেল সোসাইটি

# ঈ(্বরের ধার্মিকতা পরী(া

দশ আজ্ঞা

উত্তীর্ণের মান ১০০%




এই **সমস্ত** ভাবে তুমি কি **সর্বদা** ঈ(্বরকে সন্তুষ্ট করেছ?

## তৃতীয় পদক্ষেপ — আমি উদ্বিগ্ন (পূর্বানুসরণ)

ঈশ্বরকে সন্তুষ্ট করতে না-পারাই পাপ। ভুল পথ হলেও, পাপ তোমাকে নিজের সিদ্ধান্তেই অনড় রাখতে চাইবে।

**তুমি কি কখনও পাপ করেছ?**

☐ হ্যাঁ ☐ না

শুধু তুমি একাই নও, বাইবেল বলে, সকলেই পাপ এবং দুষ্কর্ম করেছে! রোমীয় ৩ অধ্যায় ২৩ পদ পাঠ কর। তোমার বন্ধু-বান্ধব বা পিতামাতা না-জানলেও, এমনকী ধরা না-পড়লেও প্রভু তোমার সমস্ত কাজের বিষয়ে জানেন।

**ভুল করলে কি তুমি উদ্বিগ্ন হও?**

☐ হ্যাঁ ☐ না

**কতটা?**

☐ খুব অল্প ☐ অনেক ☐ যথেষ্ট, যা আমি পরিবর্তন করতে চাই

"হে ঈশ্বর, আমি এত লজ্জিত যে তোমার সামনে মাথা তুলতে পারছি না। আমাদের পাপ জমে জমে স্তুপাকার হয়ে গেছে .... ।"

**ইস্রা ৯ ৬**

(নতুন অনুবাদ। ভারতের বাইবেল সোসাইটি)



**আমি উদ্বিগ্ন**

**তুমি কি এই সোপানে?**
**উদ্বিগ্নতা চালিত করতে পারে ..**

## চতুর্থ পদ( প — আমি অনুতাপ করতে প্রস্তুত

### অনুতাপ হল, তোমার পথ থেকে বিপরীত দিকে, যীশুর পথে যাত্রা( ইংরেজি U অ( রের মতো।



নিজের পথে চলতে চাওয়াই হল স্বার্থপরতা। স্বার্থপর পছন্দই সমস্ত পাপের মূল।

**স্বার্থপর পছন্দ হল,** "আমার প্রথম" পছন্দ —

— এগুলি ঈ(র এবং তাঁর পুত্র যীশুকে দুঃখিত করে।
— এগুলি তোমার বা অপরের অসুবিধার কারণ হয়।
— এগুলি তোমার মনে দুঃখের অনুভূতি জাগিয়ে তোলে।

### অনুতাপ

— নিজেকে নয়, যীশুখ্রীষ্টকে জীবনে অগ্রাধিকার দেওয়া।
— আর পাপ না-করতে চাওয়া।

*“এখন তিনি (ঈশ্বর) সর্বস্থানের সর্বমানবকে সেই কুপথ থেকে ফিরে আসার (অনুতাপ) নির্দেশ দিচ্ছেন।”*

**প্রেরিত ১৭ ৩০খ**

(নতুন অনুবাদ। ভারতের বাইবেল সোসাইটি)




তুমি কি এই সোপানে অবস্থান করছ?

অনুতাপ চালিত করে ....

## পঞ্চম পদ( প — আমি বি(্বাস করি

### বি(্বাস হল প্রভু যীশুখ্রীষ্টের কাছে নিজেকে পরিপূর্ণভাবে বিলিয়ে দেওয়া যাতে তিনি তোমার জীবনে প্রথম স্থান লাভ করতে পারেন।

এ যেন নৌকায় আরোহণ করা। নৌকায় উঠলে তুমি বি(্বাস কর যে, সেটি ডুবে যাবে না, তোমাকে বাঁচাবে।

### তুমি যখন যীশুর কাছে নিজেকে সমর্পণ কর ....

— শুধু পিতা বা মাতাকে খুশি করার জন্য বা

— শুধু তোমার শি( ক, অন্তরঙ্গ বন্ধু, এমনকী অনেককে খুশি করার জন্য কোরো না।

### তোমাকে অবশ্যই ....

— ঈ(্বর এবং স্বয়ং যীশুকে সন্তুষ্ট করতে হবে,

— কারণ তুমি প্রকৃতপ( নিজে নিজেই করতে চাও।

— তোমার জীবনের পরিবর্তন করতে এবং পাপের ( মা পেতে হবে।

তোমার পাপের শাস্তিস্বরূপ প্রভু যীশু ত্রু(শে মৃত্যুবরণ করেছিলেন এবং আমাদের পিতা ঈ(্বর তাঁকে পুনর্জীবিত করেছেন। তিনি এখন জীবিত এবং তোমার জীবনে তাঁকে অধিনায়কের স্থান দেবার প্রতী( ায় তিনি আছেন।




বিশ্বাসের পদক্ষেপের মাধ্যমে যীশুর কাছে আত্মসমর্পণ করা যায়।

এখন প্রভু যীশুর কাছে কথা বল। তোমার পাপের বিষয়ে বল। তাঁকে বল যে, তুমি অনুতপ্ত এবং তুমি আর পাপকর্ম করতে চাও না। এর পর তাঁর কাছে মার্জনা ভি( া কর।

"আমরা যদি আমাদের পাপ স্বীকার করি, তা হলে তিনি আমাদের পাপ ( মা করবেন এবং সমস্ত অধার্মিকতা থেকে আমাদের শুচি করবেন।"

**১ যোহন ১ ৯**

বাইবেল বলে, তুমি যখন যীশুকে বি(্বাস কর, তিনি স্বয়ং তোমার অন্তরে বাস করতে আসবেন। তিনি তোমাকে অনন্তজীবন দেন কারণ তাঁর মধ্যেই আছে অনন্তজীবন। তিনি তোমার জীবনে বাস করবেন এবং তাঁর মাধুর্য তোমাকে দান করবেন।

"ঈ(্বর আমাদের অনন্তজীবন দান করেছেন এবং তাঁর পুত্রই সেই জীবনের আধার।"

**১ যোহন ৫ ১১**

এখন প্রভু যীশুকে তোমার জীবনে আহ্বান কর এবং তোমাকে উদ্ধার করতে বল — **তুমি** যেন তাঁর পরিবারের অঙ্গ হতে পার।

তাঁকে প্রকৃতভাবে বি(্বাস এবং গ্রহণ করলে, তুমি তা জানতে পারবে। তোমার অন্তরে তিনি সে-কথা তোমাকে জানাবেন।

"তোমরা তাঁর সন্তান বলে ঈ(্বর আপন পুত্রের আত্মাকে আমাদের অন্তরে প্রেরণ করেছেন...."

**গালাতীয় ৪ ৬**

(নতুন অনুবাদ। ভারতের বাইবেল সোসাইটি)

**তোমার কারণে মৃত্যুবরণ করার জন্য তাঁকে কৃতজ্ঞতা জানাও।**

“... প্রভু যীশুতে বিশ্বাস কর,
তা হলে তুমি ... পরিত্রাণ (উদ্ধার) পাবে।”

**প্রেরিত ১৬ ৩১**



আমি বিশ্বাস করি

তুমি কি এই সোপানে?

যখন কোন ব্যক্তি( — বালক বা বালিকা — প্রভু যীশুকে তার মুক্তি(দাতারূপে গ্রহণ করে — তুমি যেমন তোমার মানব-পরিবারে জন্মগ্রহণ করেছ, তারা তেমনই ঈ(্বরের পরিবারে জন্মগ্রহণ করে।

"যারা তাঁকে বরণ করল, বি(্বাসে গ্রহণ করল তাঁকে,
তাদেরই দিলেন তিনি ঈ(্বরের পুত্র হওয়ার অধিকার।"

**যোহন ১ ১২**

(নতুন অনুবাদ। ভারতের বাইবেল সোসাইটি)

**যীশু যখন তোমার জীবনে আসবেন, তুমি ..........**

— জানবে যে, যীশু তোমার মধ্যে বাস করেন।
— জানবে যে, তুমি স্বর্গে যাবে।

**এবং তুমি প্রভুকে সন্তুষ্ট করতে শু( করবে ........**

— মাতা ও পিতার অনুগত হয়ে,
— পরস্পরের প্রতি দয়া প্রদর্শন করে
— সঠিক পছন্দ করে,
— সত্য কথা বলে এবং
— বাইবেল কাহিনীতে আগ্রহ প্রকাশ করে।

## এটাই জীবিত ঈ(্বরের পদ্ধতি!

"..... তোমরা জীবন বেছে নাও, তা হলে
তোমরা ও তোমাদের সন্তান-সন্ততিরা বাঁচবে।
তোমাদের আরাধ্য ঈ(্বর প্রভু পরমে(্বরকে ভালোবাস, ...."

**দ্বিতীয় বিবরণ ৩০ ১৯, ২০**

# খ্রীষ্টবি(্বাসীরূপে গড়ে উঠতে

১. তোমরা বাইবেল **পাঠ কর** (কিশোর সংস্করণ সহায়ক হতে পারে)।

২. প্রতিদিন যীশুর নামে তোমরা পিতা ঈ(্বরের কাছে **প্রার্থনা কর**। তোমার প্রয়োজনের কথা জানাও( তাঁর সাহায্য চাও।

৩. বাইবেল শি(া দেওয়া হয়, এমন কোন **গির্জায় যাও**।

৪. যীশু তোমার জন্য কী করেছেন, এবং তোমার বন্ধু-বান্ধবদের জন্য তিনি কী করতে চান, সে কথা তাদের **জানাও**।



প্রভু যীশু সম্পর্কে আরো কিছু জানতে চাইলে বা বিনামূল্যে ডাকযোগে বাইবেল শিক্ষার জন্য নিম্নলিখিত ঠিকানায় লিখুন

**খ্রাইস্ট মিশন আশ্রম**

পোস্ট বক্স নং - ১১৯৪, কলকাতা - ৭০০ ০১৬

মুদ্রণে - **টাইপ ইমপ্রেশন**, ৬২ শম্ভুনাথ পণ্ডিত স্ট্রিট, কলকাতা - ৭০০ ০২৫, দূরভাষ - ২৪৫৫ ৫৭৯৫